

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির ডিসেম্বর, ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
 সভার স্থান : সদস্য সচিবের অফিস কক্ষ।
 তারিখ ও সময় : ১২/১২/২০২১ ইং, সময় : বেলা ১১ঃ০০ ঘটিকায়।


উপস্থিত সদস্যগণের তালিকা : পরিশিষ্ট - 'ক'।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব জনাব মুহাম্মদ হুমায়ুন কবির, উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য কর্মকর্তাকে আনুরোধ জানানো হয়।

অতঃপর জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহের সার্বিক কার্যক্রম পর্যালোচনা ও অগ্রগতির লক্ষ্যে নিম্নরূপ আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	মন্তব্য / বাস্তবায়নে
০১	<p><u>প্রকল্পের নামঃ সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প</u> ২০২০-২১ অর্থ বছরে ২য় বরাদ্দে প্রতিটি ইউনিয়নে ২৬ টি করে মোট ৩৩৮ টি সাবমারসিবল পাম্প যুক্ত গভীর নলকূপের স্থান তালিকা অনুসারে বোরিং কাজ শুরু করা হয়েছে। স্থান তালিকা অনুসারে ৩১০ টি গভীর নলকূপের বোরিং কাজ সম্পন্ন হয়েছে। নলকূপ পরিমাপ করন, প্লাটফর্ম নির্মাণ, পাম্প স্থাপন কাজ চলমান আছে।</p> <p><u>প্রকল্পের নামঃ পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্প</u> ২০২০ - ২১ অর্থ বছরে বিভিন্ন ইউনিয়নে সাবমারসিবল পাম্প যুক্ত গভীর নলকূপের স্থান তালিকা অনুসারে বোরিং কাজ শুরু করা হয়েছে। স্থান তালিকা অনুসারে ৬৮০ টি গভীর নলকূপের বোরিং কাজ সম্পন্ন হয়েছে। অন্যান্য নলকূপের বোরিং কাজ চলমান। নলকূপ পরিমাপ করন, পানি টেস্টের জন্য স্যাম্পল সংগ্রহ, প্লাটফর্ম নির্মাণ, পাম্প স্থাপন কাজ চলমান আছে।</p> <p><u>আর্সেনিক স্ক্রিনিং কার্যক্রমঃ</u> এই প্রকল্পের আওতায় অত্র উপজেলার ১৪৬২৫ টি নলকূপের পানিতে আর্সেনিকের উপস্থিতি পরীক্ষা করা হয়েছে। তার মধ্যে ৩১০৪ টি নলকূপের পানিতে আর্সেনিকের উপস্থিতি পাওয়া গেছে। নলকূপের পানিতে আর্সেনিকের উপস্থিতি পরীক্ষা করার কাজ চলমান আছে।</p> <p>বিভিন্ন ইউনিয়নের পুরাতন ও অকার্যকর নলকূপ সমূহ মেরামত কাজ চলমান আছে। সংশ্লিষ্ট নলকূপ তত্ত্বাবধায়ক মেরামতের জন্য প্রয়োজনীয় মালামাল সরবরাহ করবে।</p>	<p>দ্রুত কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>দ্রুত কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>নলকূপের পানিতে আর্সেনিকের উপস্থিতি পরীক্ষা করার কাজ চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>নলকূপ মেরামতের জন্য নলকূপ তত্ত্বাবধায়কদের জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, টংগিবাড়ী অফিসে যোগাযোগের জন্য পরামর্শ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ।</p> <p>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ।</p> <p>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ।</p>
		<p>সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান, নলকূপ তত্ত্বাবধায়ক ও নলকূপ মেকানিক, জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ টংগিবাড়ী।</p>	

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ভাইস চেয়ারম্যান
 উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ

ও

সভাপতি


জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি

স্মারক নং : জঃস্বাঃপ্রঃদঃটংঃমুঃসীঃ/২০২১-২২/১১৭

তারিখ : ১৩/১২/২০২১ ইং

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। চেয়ারম্যান, টংগিবাড়ী উপজেলা পরিষদ, মুন্সীগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, টংগিবাড়ী উপজেলা, মুন্সীগঞ্জ।
- ৩। উপজেলা ভাইস চেয়ারম্যান (সাধারণ), সভাপতি, উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ৪। জনাব সদস্য, উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ৫। সংশ্লিষ্ট নথি।


১৩/১২/২০২১

(মুহাম্মদ হুমায়ুন কবির)
উপ সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ

ও

সদস্য সচিব

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি

পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

উপস্থিত সদস্যবৃন্দ :

- ১। উপজেলা ভাইস চেয়ারম্যান (সাধারণ), সভাপতি, উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ২। চেয়ারম্যান, কামারখাড়া ইউনিয়ন পরিষদ, সদস্য, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ৩। চেয়ারম্যান, যশলং ইউনিয়ন পরিষদ, সদস্য, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ৪। চেয়ারম্যান, ধীপুর ইউনিয়ন পরিষদ, সদস্য, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ৫। উপ সহকারী প্রকৌশলী ও সদস্য সচিব, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।